

শোকবার্তা

দৈনিক আজকের কাগজ পত্রিকার প্রকাশক ও সম্পাদক কাজী শাহেদ আহমেদ এর
মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর শোক


ঢাকা ২৯ আগস্ট, ২০২৩;

দৈনিক আজকের কাগজ পত্রিকার প্রকাশক ও সম্পাদক, ইউল্যাব ও জেমকন গ্রুপের প্রতিষ্ঠাতা কাজী শাহেদ আহমেদ আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। সোমবার (২৮ আগস্ট) সন্ধ্যায় রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

তঁার মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

শোকবার্তায় মন্ত্রী বলেন, কাজী শাহেদ আহমেদ ছিলেন বাংলাদেশ সংবাদপত্র জগতে আধুনিকতার পথিকৃত। এছাড়া ব্যবসায়ী, উদ্যোক্তা, ক্রীড়া সংগঠক ও প্রকাশক হিসেবেও তিনি অবদান রেখেছেন। সাহিত্য পরিমন্ডলেও তিনি সুপরিচিত ছিলেন।

মন্ত্রী মরহমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।


২৯.৮.২৩
(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ)
☎ ০১৭১১-৮১৫৮৮১